গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র পরিদপ্তর
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)
৭-৯, কারওয়ান বাজার, ঢাকা।
www.dot.gov.bd

নং-২৪.০২.০০০০.০০৩.১৮.০২১.১৭-১৬১৪ তারিখঃ ১৮/০৫/ ২০১৭।

# ভর্তি বিজ্ঞপ্তি, শিক্ষাবর্ষঃ ২০১৬-১৭

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র পরিদপ্তর কর্তৃক পরিচালিত এবং বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাংগাইল এ বিভিন্ন বিভাগে ৪ (চার) বছর মেয়াদি বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে লেভেল-১ টার্ম-১ এ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে।

১. আসন সংখ্যা ঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | আসন সংখ্যা |
|---|---|---|
| ১ | ইয়ার্ণ ইঞ্জিনিয়ারিং | ৩০ |
| ২ | ফেব্রিক ইঞ্জিনিয়ারিং | ৩০ |
| ৩ | ওয়েট প্রসেসিং ইঞ্জিনিয়ারিং | ৩০ |
| ৪ | এ্যাপারেল ইঞ্জিনিয়ারিং | ৩০ |
| মোট | | ১২০ |

২. ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের ন্যূনতম যোগ্যতা ঃ

(ক) প্রার্থীকে অবশ্যই জন্মগতভাবে বা নাগরিকত্ব গ্রহণে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।

(খ) আবেদনকারীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে গ্রেডিং পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.৫০ পেয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল/সমমানের পরীক্ষায় পাশ হতে হবে।

(গ) কারিগরি শিক্ষাবোর্ড হতে ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা ইন জুট টেকনোলজী/ডিপ্লোমা ইন গার্মেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ণ মেকিং কোর্সের পরীক্ষায় ৪.০০ এর স্কেলে কমপক্ষে সিজিপিএ (CGPA) ২.৭৫ পেতে হবে।

৩. আবেদনপত্র জমা দেয়ার নিয়মাবলীঃ

ভর্তির আবেদনপত্র ওয়েব সাইট (www.dot.gov.bd, www.btec.gov.bd) থেকে সংগ্রহ করতে হবে। উক্ত ভর্তি ফরম নিজ হাতে পূরণ করে বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে অথবা বস্ত্র পরিদপ্তর, বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা) ৭-৯ কাওরান বাজার, ঢাকায় ১০০০/- (এক হাজার) টাকা নগদ জমাদান পূর্বক জমা রশিদ এবং নিম্নলিখিত সনদসহ আবেদনপত্রটি ১০/০৬/২০১৭ তারিখের মধ্যে বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাংগাইল/ বস্ত্র পরিদপ্তর, বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা) ৭-৯ কাওরান বাজার, ঢাকায় অফিস চলাকালীন সময়ে জমা দিয়ে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

(ক) প্রার্থীর তিন কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
(খ) ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্রের সত্যায়িত কপি।
(গ) মূল সনদের/ প্রসংশাপত্রের সত্যায়িত কপি।

৪. মোট ১২০ আসনের অতিরিক্ত মুক্তিযোদ্ধা কোটায় ৪জন (প্রতি বিভাগের জন্য ১জন করে) এবং ক্ষুদ্র ও নৃ গোষ্ঠী কোটায় ১জনসহ মোট ৫ (পাঁচ) টি আসন সংরক্ষিত থাকবে। উক্ত কোটাসমূহে ভর্তির উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে আসন শূণ্য থাকবে। এক্ষেত্রে মুক্তিযোদ্ধা কোটা, ক্ষুদ্র ও নৃ গোষ্ঠী কোটায় উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণ পত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।

৫. ভর্তির সময় এস.এস.সি ও ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা ইন জুট টেকনোলজি/ডিপ্লোমা ইন গার্মেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ণ মেকিং টেকনোলজি কোর্সের পরীক্ষাসমূহের সনদের মূলকপি জমা দিতে হবে এবং মুক্তিযোদ্ধা কোটা, ক্ষুদ্র ও নৃ গোষ্ঠীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণ পত্রের মূল সনদের প্রদর্শনসহ ২কপি সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

৬. ভর্তি পরীক্ষা নিম্নবর্ণিত নিয়মাবলী অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ

(ক) এস.এস.সি ফলাফলের জন্য ৪০ নম্বর ও ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা ইন জুট টেকনোলজী/ডিপ্লোমা ইন গার্মেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ণ মেকিং টেকনোলজী ফলাফলের জন্য ৬০ নম্বরের মধ্যে (এসএসসি তে প্রাপ্ত জিপিএ-কে ৮ গুন এবং ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা ইন জুট টেকনোলজী/ডিপ্লোমা ইন গার্মেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ণ মেকিং টেকনোলজিতে প্রাপ্ত সিজিপিএ-কে ১৫গুন) মোট প্রাপ্ত নম্বর এবং লিখিত পরিক্ষায় ২০০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বর (অর্থাৎ মোট ৩০০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বর) হিসাব করে

ফলাফল প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় ২০০ নম্বরের মধ্যে নূন্যতম ৮০ নম্বর প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের ফলাফল ঘোষনা করা হবে। লিখিত পরীক্ষায় কোন নেগেটিভ মার্কিং থাকবে না।

(খ) প্রার্থীর মেধা ও পছন্দের ক্রমানুযায়ী ভর্তির জন্য নির্বাচিত ১২০ জনের মেধা তালিকা ২২/০৬/২০১৭ তারিখে বস্ত্র পরিদপ্তরের ওয়েব সাইট/কলেজের ওয়েব সাইট ও কলেজের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

(গ) ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা ইন জুট টেকনোলজী/ডিপ্লোমা ইন গার্মেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ণ মেকিং টেকনোলজী কোর্সের জন্য বাকাশিবো কর্তৃক প্রণীত সর্বশেষ পাঠ্যক্রম অনুযায়ী নিম্নোক্ত বিষয়ের উপর বর্ণিত মান অনুযায়ী মোট ২০০ নম্বরের উপর এমসিকিউ পদ্ধতিতে OMR শিট এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

(ঘ) নম্বর বন্টন-ইয়ার্ণ ম্যানুফেকচারিং, ফেব্রিক্স ম্যানুফেকচারিং, ওয়েট প্রসেসিং এবং গার্মেন্টস ও ক্লদিং টেকনোলজি বিষয়ে মোট (৪X৩০) = ১২০ নম্বর। গণিত, পদার্থ, রসায়ন ও ইংরেজী বিষয়ে মোট (৪X২০) = ৮০ নম্বর। অর্থাৎ মোট নম্বর ২০০।

(ঙ) প্রশ্নপত্রে ১০০ টি প্রশ্ন থাকবে, প্রতিটি প্রশ্নের নম্বর হবে ২, প্রশ্নে ৪টি উত্তরের Options থাকবে, পরীক্ষার সময় হবে ১ ঘন্টা ২০ মিনিট।

৯. ভর্তি সংশ্লিষ্ট তারিখ ও সময়সূচী ঃ

| ভর্তি সংক্রান্ত কার্যক্রম | তারিখ |
|---|---|
| (ক) ভর্তির আবেদনপত্র | ২১/০৫/২০১৭ থেকে ১০/০৬/২০১৭ তারিখ পর্যন্ত। |
| (খ) ভর্তি পরীক্ষার স্থান | বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাংগাইল। |
| (গ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময় | ১৭/০৬/২০১৭ তারিখ (শনিবার) সময় ঃ সকাল ১০:৩০ ঘটিকা থেকে ১১:৫০ ঘটিকা পর্যন্ত। |
| (ঘ) নির্বাচিত প্রার্থীদের ফলাফল প্রকাশ | ২২/০৬/২০১৭ তারিখ ওয়েব সাইট www.dot.gov.bd, www.btec.gov.bd ও কলেজের নোটিশ বোর্ড। |
| (ঙ) মেধা তালিকা হতে ভর্তি | ০৯/০৭/২০১৭ থেকে ১৩/০৭ ২০১৭ তারিখ পর্যন্ত। |

১০. লক্ষণীয় বিষয় ঃ

ক) ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ইস্যুকৃত প্রবেশপত্র অবশ্যই সংগে আনতে হবে, অন্যথায় পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

খ) পরবর্তী যোগাযোগের জন্য আবেদনকারীকে ভর্তি পরীক্ষার রোল নম্বর সংরক্ষণ করতে হবে।

গ) ভর্তি পরীক্ষার দিন অন্তত ৪৫ মিনিট পূর্বে কেন্দ্রে এবং ৩০ মিনিট পূর্বে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন প্রার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না।

(ঙ) ভর্তি সংক্রান্ত ব্যাপারে কোন সমস্যা দেখা দিলে বা কোন তথ্য জানতে ০১৯৫৪০৮৩৪৭৯, ০১৮১৫০৬৭৭৬২ (সকাল ৯:০০ থেকে বিকাল ৫:০০টা) মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

(চ) ভর্তি সংক্রান্ত তথ্য/সংশোধনী/ফলাফল জানার জন্য নিম্নোক্ত ওয়েব সাইট ভিজিট করা যেতে পারে।
www.dot.gov.bd, www.btec.gov.bd|

(ছ) ভর্তি সংক্রান্ত যে কোন ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৩১/৫/১৭

(মোহাম্মদ ইসমাইল)
(অতিরিক্ত সচিব)
পরিচালক
বস্ত্র পরিদপ্তর, ঢাকা।
ও
আহবায়ক, কেন্দ্রীয় ভর্তি কমিটি।

| ভর্তি পরীক্ষার রোলনং |
|---|
| |

বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাংগাইল

# ভর্তির আবেদনপত্র

বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম (শিক্ষাবর্ষঃ ২০১৬-২০১৭)

(আবেদনকারী পুরণ করবেন)

| প্রার্থীর ১ কপি ছবি<br>আইকা দিয়ে লাগাতে হবে |
|---|

১। নাম (স্পষ্ট অক্ষরে) ..............................................................................

২। ইংরেজী (বড় হাতের অক্ষরে) ..............................................................................

৩। পিতার নাম ..............................................................................

৪। মাতার নাম ..............................................................................

৫। ঠিকানা (ক) স্থায়ী ঠিকানা ..............................................................................

.............................................................................. ফোন নম্বর ..................................

৬। যোগাযোগের ঠিকানা ..............................................................................

.............................................................................. ফোন নম্বর ..................................

৭। জন্ম স্থান (জেলা) .......................................... নাগরিকত্ব ..........................................

৮। জন্ম তারিখ (মাধ্যমিক পরীক্ষার সার্টিফিকেট অনুসারে) .......................................... ধর্ম ..................................

(ক) কোর্সের নাম ঃ

বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ((১) ইয়ার্ণ ইঞ্জিনিয়ারিং (২) ফেব্রিক্স ইঞ্জিনিয়ারিং (৩) ওয়েট প্রসেসিং (৪) এ্যাপারেল ইঞ্জিনিয়ারিং)

পছন্দের ক্রমঃ (১) .......................................... (২) ..........................................

(৩) .......................................... (৪) ..........................................

৯। শিক্ষাগত যোগ্যতার তথ্যাবলীঃ

| পরীক্ষার নাম | পাশের সন | শিক্ষা বোর্ড | গ্রুপ/ টেকনোলজী | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | রোল নং | জিপিএ/ সিজিপিএ |
|---|---|---|---|---|---|---|
| মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা ইহার সমমান | | | | | | |
| ডিপ্লোমা ইন টেক্সঃ ইঞ্জিঃ/জুট টেকনোলজি/গার্মেন্টস টেকনোলজী | | | | | | |

১০। আবেদনপত্রের সহিত নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত হয়েছে (সঠিক স্থানে টিক (✓) দিতে হতেঃ

| | বিবরণ | প্রার্থী কর্তৃক টিক (✓) | অফিস ব্যবহারের জন্য |
|---|---|---|---|
| (ক) | ৩ (তিন) কপি সত্যায়িত ছবিসহ আবেদনপত্র | | |
| (খ) | এস এস সি-এর সনদপত্রের সত্যায়িত ফটোকপি | | |
| (গ) | এস এস সি-এর নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি | | |
| (ঘ) | ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা ইন জুট টেকনোলজী/ডিপ্লোমা ইন গার্মেন্টস ডিজাইন এন্ড প্যার্টাণ মেকিং টেকনোলজী কোর্সের | | |
| | (১) নম্বরপত্র/ট্রান্সক্রিপ্টের সত্যায়িত ফটোকপি | | |
| | (২) সনদপত্রের/ প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি | | |
| (ঙ) | মুক্তিযোদ্ধা সনদ এর সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) | | |
| (চ) | ক্ষুদ্র ও নৃ গোষ্ঠী সনদ এর সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) | | |

১১। আমি অঙ্গিকার করছি যে, আমার জ্ঞান ও জানামতে উপরোক্ত তথ্যাবলী সঠিক এবং অত্র কলেজে ভর্তি সংক্রান্ত যাবতীয় নিয়মাবলী মেনে চলতে বাধ্য থাকব।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

*আবেদনকারীকে অবশ্যই স্বহস্তে স্বাক্ষর করতে হবে। ভর্তি পরীক্ষার সময় স্বাক্ষর না মিললে পরীক্ষা দেয়ার অযোগ্য বলে বিবেচিত হবে।

ভর্তি পরীক্ষার রোলনং

বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাংগাইল

## ভর্তি পরীক্ষার প্রবেশপত্র

বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম (শিক্ষাবর্ষঃ ২০১৬-২০১৭)

(আবেদনকারী পুরণ করবেন)

প্রার্থীর ১ কপি ছবি

আইকা দিয়ে লাগাতে হবে

১। নাম (স্পষ্ট অক্ষরে) ........................................................................................

২। পিতার নাম ....................................................................................................

৩। পরীক্ষার তারিখ ..............................................................................................

৫। পরীক্ষা কেন্দ্রের নাম ঃ . বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাংগাইল

৬। আবেদনকারীর স্বাক্ষরঃ.........................................................................

**জ্ঞাতব্য বিষয় সমুহঃ**

১। পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পরে কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষে প্রবেশ করতে পারবে না।

২। প্রবেশপত্র, কলম, পেন্সিল ও জ্যামিতি বক্স প্রার্থীকে সংগে আনতে হবে।

৩। পরীক্ষার ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না/সংগে রাখা যাবে না।

৪। পরীক্ষার হলে কোন মোবাইল ফোন আনা বা ইলেকট্রনিক্স ডিভাইজ (যেমন-সিমযুক্ত ঘড়ি, কলম) আনা যাবে না ।

৫। মূল প্রবেশপত্র ব্যতিত কাউকে পরীক্ষার হলে প্রবেশ বা পরীক্ষা দিতে দেয়া হবে না।

ডিউটি অফিসারের স্বাক্ষর

.................................................................................................................................

ভর্তি পরীক্ষার রোলনং

বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাংগাইল

ভর্তি পরীক্ষার প্রবেশপত্র

বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম (শিক্ষাবর্ষঃ ২০১৬-২০১৭)

(আবেদনকারী পুরণ করবেন)

প্রার্থীর ১ কপি ছবি

আইকা দিয়ে লাগাতে হবে

১। নাম (স্পষ্ট অক্ষরে) ........................................................................................

২। পিতার নাম ....................................................................................................

৩। পরীক্ষার তারিখ ..............................................................................................

৫। পরীক্ষা কেন্দ্রের নাম ঃ . বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাংগাইল

৬। আবেদনকারীর স্বাক্ষরঃ.........................................................................

ডিউটি অফিসারের স্বাক্ষর

জ্ঞাতব্য বিষয় সমুহঃ

১। পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পরে কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষে প্রবেশ করতে পারবে না।

২। প্রবেশপত্র, কলম, পেন্সিল ও জ্যামিতি বক্স প্রার্থীকে সংগে আনতে হবে।

৩। পরীক্ষার ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না/সংগে রাখা যাবে না।

৪। পরীক্ষার হলে কোন মোবাইল ফোন আনা বা ইলেকট্রনিক্স ডিভাইজ (যেমন-সিমযুক্ত ঘড়ি, কলম) আনা যাবে না ।

৫। মূল প্রবেশপত্র ব্যতিত কাউকে পরীক্ষার হলে প্রবেশ বা পরীক্ষা দিতে দেয়া হবে না।